

**AKASHVANI(Kolkata)**  
**Regional News Unit**

**Date: 22/12/2025**

**Time: 1-40 PM**

**বিশেষ বিশেষ খবর –**

- ১/ সন্দেশখালির ন্যাজাটে শেখ শাজাহান মামলার প্রধান সাক্ষী ভোলানাথ ঘোষকে খুনের চেপ্টার ঘটনায় মূল অভিযুক্ত ট্রাকচালক আলিম মোল্লাকে গ্রেফতার করেছে পুলিশ।
- ২/ সাসপেন্ড হওয়া বিতর্কিত তৃণমূল কংগ্রেস বিধায়ক হুমায়ুন কবীর, ‘জনতা উনয়ন পার্টি’ নামে একটি নতুন রাজনৈতিক দল গঠনের কথা ঘোষণা করেছেন।
- ৩/ তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ ৪০ টি বিধানসভার BLA-দের সঙ্গে নির্বাচন প্রস্তুতি নিয়ে আলোচনা বৈঠকে বসেছেন।
- ৪/ কলকাতার রাজাবাজারে প্রকাশ্য দিবালোকে এক ফল বিক্রেতাকে খুনের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে।
- ৫/ হাওড়ার আমতার জয়পুরে সাউড়িয়া সিং পাড়ায় আগুনে পুড়ে একই পরিবারের এক কিশোরী সহ চার জনের মৃত্যু হয়েছে।
- ৬/ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ ‘সাঁওতালি ভাষা দিবস’ উদ্‌যাপিত হচ্ছে। এই উপলক্ষে রাজ্য জুড়ে বিভিন্ন কর্মসূচী নেওয়া হয়েছে।

\*\*\*\*\*

উত্তর ২৪ পরগণার সন্দেশখালির ন্যাজাটে শেখ শাজাহান মামলার প্রধান সাক্ষী ভোলানাথ ঘোষের গাড়িতে ধাক্কা দিয়ে হত্যার চেপ্টার ঘটনায় মূল অভিযুক্ত ট্রাক চালক আলিম মোল্লাকে গ্রেফতার করেছে পুলিশ। গতরাতে মিনাখাঁ থানা এলাকা থেকে তাকে পাকড়াও করা হয়। আজ তাকে বসিরহাট আদালতে তোলা হচ্ছে।

এই মামলায় এপর্যন্ত ৫ জনকে গ্রেফতার করা হলো।

উল্লেখ্য, গত ১০’ই ডিসেম্বর ভোলানাথ ঘোষ শাজাহানের বিরুদ্ধে সাক্ষ্য দিতে যাওয়ার সময় বয়ারমারি এলাকার বাসন্তী রোডে তাঁর গাড়িতে ধাক্কা দেয় আলিম মোল্লার ট্রাক। মৃত্যু হত ছোটো ছেলে ও

গাড়ির চালকের। আহত হন ভোলানাথ ঘোষা। ভোলানাথের অভিযোগ, পরিকল্পিতভাবেই তাঁকে খুনের চক্রান্ত করা হয়েছিল।

\*\*\*\*\*

সাসপেন্ড হওয়া বিতর্কিত তৃণমূল কংগ্রেস বিধায়ক হুমায়ুন কবীর, ‘জনতা উনয়ন পাটি’ নামে একটি নতুন রাজনৈতিক দল গঠনের কথা ঘোষণা করেছেন। মুর্শিদাবাদের বেলডাঙার খাগরুপাড়া মোড়ে এক জনসভায় হুমায়ুন কবীর, তাঁর দলের বেশ কয়েকজন প্রার্থীর নাম’ও ঘোষণা করেন। তিনি জানিয়েছেন, রেজিনগর ও ভারতপুর- এই দুটি কেন্দ্র থেকে তিনি নিজেই প্রতিদ্বন্দ্বিতা করবেন।

উল্লেখ্য, কিছুদিন আগেই বেলডাঙায় হুমায়ুন কবীরের, বাবরের নামে মসজিদ নির্মাণের ঘোষণাকে কেন্দ্র করে শুরু হয় রাজনৈতিক চাপান-উতোর।

এদিকে, বিজেপির রাজ্য সভাপতি **শমীক ভট্টাচার্য** হুমায়ুন কবীরের এই নতুন দল গঠনের বিষয়টিকে কটাক্ষ করে বলেছেন, এই নতুন দলটি আদতে তৃণমূল কংগ্রেসের বি-টিম।

\*\*\*\*\*

ভোটার তালিকার নিবিড় সংশোধনী এস আই আর-এর শুনানি পর্ব শুরু হওয়ার আগে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ দলের BLA-দের সঙ্গে বৈঠক করছেন। কলকাতার নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে ওই বৈঠকে কলকাতা ও লাগোয়া জেলাগুলির মোট ৪০ টি বিধানসভার BLA এবং BLA-টু-রা যোগ দিয়েছেন। যেসব বৈধ ভোটারের নাম তালিকায় ওঠেনি, তাঁদের ব্যাপারে বিস্তারিত খোঁজ নিতে বলেছেন তৃণমূল কংগ্রেস নেত্রী। এব্যাপারে BLA-দের আরো বেশী সক্রিয়তা ও সতর্ক থাকার পরামর্শ দেওয়ার পাশাপাশি প্রয়োজনে ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে খোঁজ নেবার কথাও তিনি বলেছেন।

উল্লেখ্য, গত মঙ্গলবার নিজের ভবানীপুর বিধানসভা কেন্দ্রে BLA -দের সঙ্গে বৈঠক করেন তৃণমূল কংগ্রেস নেত্রী।

\*\*\*\*\*

মুর্শিদাবাদের লালগোলা কৃষ্ণপুর গ্রামীণ হাসপাতালে এইচ ডি ইউ বিভাগ চালু হয়েছে। ৫০ শয্যার গ্রামীণ হাসপাতালের ক্ষেত্রে এই নজির বিরল। হাসপাতাল সূত্রে খবর, সাংসদ তহবিল থেকে বরাদ্দ প্রায় ৩০ লক্ষ টাকা ব্যয়ে এই বিভাগ চালু করা হয়েছে। গতকাল দুপুরে সাংসদ খলিলুর রহমান হাসপাতালের নতুন ১০ শয্যাবিশিষ্ট এইচ ডি ইউ বিভাগের আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

\*\*\*\*\*

কলকাতার রাজাবাজারে প্রকাশ্য দিবালোকে দুষ্কৃতীদের এলোপাথাড়ি ছুরির আঘাতে এক ফল বিক্রেতার মৃত্যুর ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে।

আজ সকালে মেহেবুব আলম নামে ওই ফল বিক্রেতার দোকানে কয়েকজন যুবক আসে। এরপর দু'পক্ষের কথা কাটাকাটি শুরু হলে হঠাৎই ধারালো ছুরি দিয়ে তাঁকে আক্রমণ করে অভিযুক্তরা। রক্তাক্ত অবস্থায় তিনি মাটিতে লুটিয়ে পড়েন। পড়ে সুযোগ বুঝে গাড়িতে উঠে চম্পট দেয় দুষ্কৃতীরা। মেহেবুবকে উদ্ধার করে নীলরতন সরকার মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন।

\*\*\*\*\*

হাওড়ার আমতার জয়পুরে সাউডিয়া সিং পাড়ায় আগুনে পুড়ে একই পরিবারের এক কিশোরী সহ চার জনের মৃত্যু হয়েছে। গতরাতে পরিবারের সকলে যখন ঘুমোচ্ছিলেন, সেইসময় বাড়িতে আগুন লাগে। বাড়িটি কাঁচা হওয়ায় খুব দ্রুত আগুন ছড়িয়ে পড়ে। পরিবারের সদস্যদের চিৎকার শুনে প্রতিবেশীরা ছুটে এসে দমকল ও পুলিশে খবর দেয়। কিন্তু শত চেষ্টা করেও তাঁদের বাইরে বের করা সম্ভব হয়নি। জীবন্ত অগ্নিদগ্ধ হয়ে মৃত্যু হয় ভারু দলুই, দুধকুমার দলুই, রত্না দলুই এবং শম্পা দলুই-এরা। প্রায় চার ঘণ্টার চেষ্টায় দমকল কর্মীরা আগুন নিয়ন্ত্রণে আনেন। আগুন লাগার কারণ এখনো জানা যায়নি। ফরেনসিক দল আজ ঘটনাস্থলে যাচ্ছে।

\*\*\*\*\*

‘আয়ুত্মান ভারত’ প্রকল্প পশ্চিমবঙ্গে চালু করার দাবিতে কলকাতা হাইকোর্টে জনস্বার্থ মামলা করেছেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। তাঁর দাবি, কেন্দ্রীয় সরকারের সামাজিক কল্যাণমূলক প্রকল্প এ রাজ্যে কার্যকর করতে দেওয়া হচ্ছে না। এগুলি বাস্তবায়িত হলে প্রান্তিক মানুষ এবং অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকরা উপকৃত হবেন। কিন্তু রাজ্য সরকার তা চায়না।

\*\*\*\*\*

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ ‘সাঁওতালি ভাষা দিবস’ উদ্‌যাপিত হচ্ছে। এই উপলক্ষে রাজ্য জুড়ে একাধিক কর্মসূচী নেওয়া হয়েছে।

রাজ্য সরকার, বন অধিকার আইনে ৪৯ হাজার আদিবাসী মানুষকে ফরেস্ট পাট্টা ও ৮৫১টি কমিউনিটি ফরেস্ট পাট্টা দিয়েছে। ‘সাঁওতালি ভাষা দিবস’ উপলক্ষে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ সামাজিক মাধ্যমের এক পোস্টে আদিবাসী মানুষদের শুভেচ্ছা জানিয়ে একথা বলেছেন। তিনি আরো জানান, রাজ্যের ৩৬ হাজার দরিদ্র কেন্দ্রপাতা সংগ্রহকারীদের জন্য বিশেষ সামাজিক সুরক্ষা প্রকল্প ছাড়াও কেন্দ্রপাতার ন্যূনতম সহায়ক মূল্য বৃদ্ধি করা হয়েছে। আদিবাসীদের জন্য তৈরী করা হয়েছে আটটি উন্নয়ন পর্ষদ ও সাঁওতালি একাডেমি। ২০১১ সালের তুলনায় আদিবাসী উন্নয়ন দপ্তরের বাজেট বরাদ্দ সাত গুণ বৃদ্ধি করার পাশাপাশি সাঁওতালি ভাষাকে সরকারি ভাষার স্বীকৃতি দেওয়া হয়েছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন।

\*\*\*\*\*

অমাবস্যার ভরা কটালে নদীর জলস্তর হঠাৎ বেড়ে যাওয়ায় সুন্দরবনে বাঁধ ভেঙে লোকালয়ে ঢুকেছে নোনা জল। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, গোসাবা ব্লকের ছোট মোল্লাখালি অঞ্চলের কালিদাসপুর নয় নম্বর এলাকায় নদীর জলস্তর বিপজ্জনকভাবে বেড়ে গেলে প্রায় ২০০ ফুট নদীবাঁধে ধস নামে। এর ফলে নদীর নোনা জল ঢুকে পড়ে লোকালয়ে, প্লাবিত হয় বিস্তীর্ণ এলাকা। ক্ষতিগ্রস্ত হয়েছে চাষের জমি। খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছন সেচ দফতরের আধিকারিক, ইঞ্জিনিয়ার ও কর্মীরা। দ্রুততার সঙ্গে বাঁধ মেরামতির কাজ শুরু হয়েছে।

\*\*\*\*\*

আজ গণিত দিবস। নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি উদযাপিত হচ্ছে। প্রখ্যাত গণিতজ্ঞ শ্রীনিবাস রামানুজনের জন্মদিনটি জাতীয় গণিত দিবস হিসেবে পালিত হয়।

**মেদিনীপুর** কলেজে আজ থেকে শুরু হয়েছে তিন দিন ব্যাপী আন্তর্জাতিক গণিত সম্মেলন। আন্তর্জাতিক স্তরের খ্যাতনামা গণিতজ্ঞরা এতে অংশ নিচ্ছেন।

\*\*\*\*\*

রাজ্যে নতুন লোকায়ুক্ত হলেন কলকাতা হাইকোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি রবীন্দ্রনাথ সামন্ত। রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস গতকাল তাঁকে ওই পদে নিয়োগ করেছেন। চলতি মাসেই মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পৌরোহিত্যে নতুন লোকায়ুক্ত হিসেবে অবসরপ্রাপ্ত বিচারপতি রবীন্দ্রনাথ সামন্তের নামে ছাড়পত্র দেওয়া হয়।

গতকাল রাজভবন সূত্রে তাঁর নিয়োগের কথা জানানো হয়েছে।

\*\*\*\*\*

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২৮ শে ডিসেম্বর (রবিবার) আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুঙ্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

\*\*\*\*\*

মালদার হবিবপুর থানার দাল্লা বাজার এলাকা থেকে এক বাংলাদেশী অনুপ্রবেশকারীকে পুলিশ গ্রেপ্তার করেছে। ধৃত বিপুল মালি বাংলাদেশের নওগাঁ জেলার ঘাটনগর এলাকার বাসিন্দা। গতরাতে সন্দেহজনকভাবে এলাকায় ঘোরাঘুরি করতে দেখে আটক করা হয় ওই যুবককে। প্রয়োজনীয় নথি না থাকায় গ্রেপ্তার করা তাকে গ্রেপ্তার করা হয়। ধৃতকে আজ মালদা জেলা আদালতে তোলা হয়েছে।

\*\*\*\*\*

উত্তরে বাতাসের প্রভাবে পশ্চিমের জেলাগুলিতে আজ তাপমাত্রা বেশ কিছুটা কমেছে। আজ সব থেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে, বর্ধমানের ১০.৮ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে যা ২.৭ ডিগ্রি কম। এই জেলাতে এখনো পর্যন্ত শীতের মরশুমে এটিই সবথেকে কম তাপমাত্রা। অন্যদিকে উত্তরবঙ্গে আলিপুরদুয়ার জেলায় ন্যূনতম তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৯ ডিগ্রি সেলসিয়াস। দার্জিলিং পাহাড়ি এলাকায় আজ সকালে তাপমাত্রা ছিল ৪.৮ ডিগ্রি সেলসিয়াস। আজ সকালে উত্তরবঙ্গের জলপাইগুড়ি মালদা এবং কোচবিহার জেলায় এবং দক্ষিণের বাঁকুড়া পূর্ব মেদিনীপুর কলকাতা উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা বীরভূম পশ্চিম বর্ধমান জেলায় কুয়াশার ঘনত্ব বেশি ছিল। রাজ্যের প্রায় সব জেলাতেই আগামী দুদিন রাত্রিকালীন ন্যূনতম তাপমাত্রার উল্লেখযোগ্য পরিবর্তন না হলেও বড়দিন থেকেই প্রায় সব জেলাতেই দু থেকে তিন ডিগ্রি পর্যন্ত তাপমাত্রা হ্রাস পেতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

\*\*\*\*\*